



বাংলাদেশে গমের পাতার মরিচা রোগ/ব্লাস্ট রোগের পরামর্শ ২০-২৬ মার্চ ২০২৫

সতর্কবার্তাঃ ০৬

<u>মূলবার্তা</u>

বাংলাদেশের রাজশাহী, রংপুর, ফরিদপুর, খুলনা এবং বরিশাল বিভাগের কিছু কিছু অঞ্চলে গমের পাতার মরিচা রোগের উপস্থিতি নিম্ন মাত্রায় পরিলক্ষিত হয়েছে। বেশিরভাগ অঞ্চলে গম ফসল এখন পরিপক্কতার পর্যায়ে রয়েছে। তবে দেরিতে বোনা ফসল এর ক্ষেত্রে রোগ সংক্রমণের সম্ভাবনা রয়েছে। মেহেরপুর এবং ভোলা জেলার কিছু কিছু অঞ্চলে গমের ব্লাস্ট রোগের উপস্থিতি পরিলক্ষিত হয়েছে।

প্রামর্শ

২০-২৮ মার্চ দেশের কোথাও কোথাও বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে যার কারনে গমের ব্লাস্ট রোগের সংক্রমণের মাত্রা বাড়াতে পারে। দেশের দক্ষিণ এবং দক্ষিণ-পশ্চিমাঞ্চলে কৃষকদের গমের ব্লাস্ট রোগের সংক্রমণ নিয়ন্ত্রণে বিশেষভাবে সতর্ক থাকতে হবে। রোগ সংবেদনশীল জাত তথা পুরাতন জাতের ক্ষেত্রে কৃষক ভাইদের বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।

<u>সুপারিশ</u>

কৃষকের মাঠে গমের মরিচা এবং ব্লাস্ট রোগ পরিলক্ষিত হলে প্রতিরোধক ব্যবস্থা হিসেবে কার্যকরী ছত্রাকনাশক অনুমোদিত মাত্রায় প্রয়োগ করতে হবে। প্রয়োজনীয় পরামর্শের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিস অথবা বিডাব্লিউএমআরআই এর অফিসে যোগাযোগ করুন।